সংবাদে সমৃদ্ধ_ বিশ্বজুড়ে সোনালী স্বপ্ন
SonaliNews.com

# পরিবেশ দূষণের প্রতিবাদে মানববন্ধন উত্তরা ইউনিভার্সিটি শিক্ষার্থীদের

প্রকাশিত: অক্টোবর ৭, ২০২৪, ০৭:৪৭ পিএম

Source: www.sonalinews.com




ঢাকা : তুরাগ নদী দখল, ইউনিভার্সিটি সংলগ্ন এলাকায় ধুলাবালির প্রভাব, বেড়িবাঁধের রাস্তা সংকীর্ণতা ও অপরিকল্পিত বালু উত্তোলনের মাধ্যমে পরিবেশ দূষণের প্রতিবাদে এ মানববন্ধন করেছে বিজিএমইএ ও উত্তরা ইউনিভার্সিটির কয়েক হাজার শিক্ষার্থী।

“Breathe Easy, Live Better: Awareness Against Dust Pollution” এই স্লোগানকে সামনে রেখে সোমবার (৭ অক্টোবর) উত্তরা ইউনিভার্সিটি সংলগ্ন এলাকায় এ মানববন্ধন ও ক্যাম্পাসের আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্ন করেছে শিক্ষার্থীরা।




মানববন্ধন থেকে শিক্ষার্থীদের জানায়, ক্যাম্পাসের পাশে অবৈধ বালু উত্তোলনের ফলে শিক্ষার্থীরা স্বাস্থ্য ঝুঁকিতে রয়েছে। পড়ালেখা বিঘ্নতার পাশাপাশি শ্বাস কষ্টসহ নানা রোগে আক্রান্ত হচ্ছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ। তুরাগ নদীর পাড় দখল করে বছরের পর বছর এভাবে অবৈধ ব্যবসা করে যাচ্ছে বালু উত্তোলনকারীরা। একাধিকবার চিঠি দিলেও কাজ হয়নি।




স্থানীয় হোটেল ব্যবসায়ীরা অভিযোগ করে বলেন, এদের কারণে আমরা ঠিক মতো খাবার বিক্রি করতে পারি না। প্রচুর ধুলাবালি খাবারে এসে পড়ে। স্থানীয় লোকজনের প্রভাব দেখিয়ে তারা এ কার্যক্রম পরিচালনা করছে। প্রশাসনও তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা গ্রহণ করে না। এছাড়া, বালু উত্তোলনের সময় রাস্তা একাধিক ট্রাক দাঁড়িয়ে থাকার কারণে যানজট সৃষ্টি হয় ও প্রায়ই দুর্ঘটনা ঘটে।



এসময় উপস্থিত ছিলেন উত্তরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইয়াসমীন আরা লেখা, উপ-উপাচার্য অধ্যাপক ড. গৌর গোবিন্দ গোস্বামী, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান ও সম্মানিত শিক্ষকমন্ডলী প্রমুখ।




পরিষ্কার-পরিচ্ছন্ন অভিযান শেষে মানববন্ধন করে শিক্ষার্থীরা। পরিবেশ রক্ষায় যৌথভাবে এই মানববন্ধনের আয়োজন করে উত্তরা ইউনিভার্সিটির সোশ্যাল সার্ভিস ক্লাব ও এনভারমেন্ট ক্লাব। এ অনুষ্ঠানের পৃষ্ঠপোষক হিসেবে ছিল উত্তরা ইউনিভার্সিটির এফডিটি এলামনাই এসোসিয়েশন।